গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩
www.lawjusticediv.gov.bd

নম্বর: ১০.০০.০০০০.১২৭.২৯.০০২.২৩.৫৮১

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩১ / ০৩ সেপ্টেম্বর ২০২৪

**বিষয়: বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় কর্তৃক বিচার বিভাগীয় কর্মকর্তাদের উদ্দেশ্যে অভিভাষণ প্রদান।**

সূত্র: স্মারক নং- ৭৪২৬ এ, তারিখ- ০১/০৯/২০২৪ খ্রি:, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় আগামী ২১/০৯/২০২৪ তারিখ শনিবার সকাল ১০.০০ ঘটিকায় বাংলাদেশ সুপ্রীম কোর্টের মূল ভবনের ইনার গার্ডেনে বিচার বিভাগীয় কর্মকর্তাদের উদ্দেশ্যে অভিভাষণ প্রদানের অভিপ্রায় ব্যক্ত করেছেন। উক্ত অভিভাষণ প্রদান অনুষ্ঠানে বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন।

২। এমতাবস্থায়, আগামী ২১/০৯/২০২৪ তারিখ শনিবার বেলা ১০.০০ ঘটিকায় বাংলাদেশ সুপ্রীম কোর্টের মূল ভবনের ইনার গার্ডেনে সকল বিচার বিভাগীয় কর্মকর্তা-কে (চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক মনোনীত একজন করে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট-কে দায়িত্ব প্রদান করতঃ কর্মস্থলে অবস্থানের নির্দেশনা প্রদানক্রমে) যথাসময়ে উক্ত অভিভাষণ প্রদান অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩। উল্লেখ্য, এটি একটি সরকারি অনুষ্ঠান। উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণকারী বিচার বিভাগীয় কর্মকর্তাগণ বিধি মোতাবেক টি,এ এবং ডি,এ প্রাপ্ত হবেন। প্রাধিকারভুক্ত কর্মকর্তাগণ সরকারি গাড়ি ব্যবহার করতে পারবেন এবং যারা সরকারি গাড়ি ব্যবহার করবেন তাঁরা টি,এ প্রাপ্ত হবেন না।

০৩/০৯/২০২৪
(মোর্শেদ আল মামুন ভুঁইয়া)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৫৬৬৩১

নম্বর: ১০.০০.০০০০.১২৭.২৯.০০২.২৩.৫৮১/১(৯)

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩১ / ০৩ সেপ্টেম্বর ২০২৪

জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ/সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তা (সকল)।
৩. অতিরিক্ত জেলা ও দায়রা জজ/অতিরিক্ত মহানগর দায়রা জজ/সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তা (সকল)।
৪. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সকল)।
৫. যুগ্ম জেলা ও দায়রা জজ/যুগ্ম মহানগর দায়রা জজ/অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তা (সকল)।
৬. সিনিয়র সহকারী জজ/সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তা (সকল)।
৭. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৯. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ।

০৩/০৯/২০২৪
(মোর্শেদ আল মামুন ভুঁইয়া)
সিনিয়র সহকারী সচিব